



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/বিবিধ যোগাযোগ/২০২১/০০০৫৭

তারিখ: ২৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: সেশনজট নিরসনের লক্ষ্যে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত ফাজিল ও কামিল মাদরাসাসমূহে প্রতিকূল পরিস্থিতিতে অনলাইন শিক্ষা কার্যক্রম চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত ফাজিল ও কামিল মাদরাসার সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ মহামারীর সময়ে যথাযথভাবে একাডেমিক কার্যক্রম ও পরীক্ষা গ্রহণ করতে না পারার কারণে শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত এবং সেশনজট সৃষ্টি হয়েছে। পরবর্তীতে একাডেমিক কার্যক্রম এবং দ্রুততম সময়ে পরীক্ষা গ্রহণের মাধ্যমে সেশনজট নিরসনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ২০২১ সালের ফাজিল ও কামিল পরীক্ষা সম্পন্ন হয়েছে এবং ২০২২ সালের পরীক্ষার ফরম পূরণ চলছে। অনতিবিলম্বে রুটিন প্রকাশ করা হবে। যে কোন প্রতিকূল পরিস্থিতিতে মাদরাসাসমূহে সিলেবাস সম্পন্ন করার স্বার্থে দৈনন্দিন শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখা খুবই জরুরী। এমতাবস্থায়, অব্যাহতভাবে শিক্ষা কার্যক্রম চলমান রেখে সেশনজট নিরসনের প্রয়োজনে অনলাইন ক্লাশ চালু রাখার ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

মোবা: ০১৭০৫-৪০৮০০১

ই-মেইল- iauregistr@gmail.com

প্রাপক

অধ্যক্ষ


ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত সকল ফাজিল ও কামিল মাদরাসা।

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/বিবিধ যোগাযোগ/২০২১/০০০৫৭

তারিখ: ২৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. ভাইস-চ্যান্সেলর এর একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. প্রো-ভাইস চ্যান্সেলর এর একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সভাপতি, গভর্নিং বডি/এডহক কমিটি, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসাসমূহ।
৬. আইসিটি শাখা (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. অফিস নথি।


১৪.১১.২০২৩
(ফাহাদ আহমদ মোমতাজী)
সহকারী রেজিস্ট্রার